



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.১

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: সারা দেশের সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ থেকে ম্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি-ফেব্রুয়ারি প্রান্তে অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা দেশের সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ থেকে ম্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://www.eservice.pmeat.gov.bd/medical> লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময়কাল বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা ১ (এক) বছরের মধ্যে হতে হবে।

৩। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক, উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'গুরুতর আহত' 'র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন গ্রহণপূর্বক অনলাইনে আপলোড করতে হবে। শিক্ষার্থীকে আবেদনের সময় শিক্ষার্থী/পিতা/মাতা'র নিজ ব্যাংক হিসাব নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। এক্ষেত্রে এজেন্ট ব্যাংকিং হিসাব নম্বর গ্রহণযোগ্য হবে না।

৪। উল্লেখ্য, শিক্ষার্থী অনলাইনে আবেদনের সময়ে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন অপশনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান খুজে না পেলে শিক্ষা প্রতিষ্ঠানটি ট্রাস্টের 'ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে EIIN ও অন্যান্য তথ্য উল্লেখসহ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন md@pmeat.gov.bd অথবা ad.stipend@pmeat.gov.bd মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৫। এমতাবস্থায়, দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত 'ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' ব্যবহার করে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০

০২-০১-২০২৫

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

০২-৫৫০০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল) [সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞপ্তি অবহিত করার অনুরোধসহ]।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.১/১ (১২)

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। কর্মকর্তা (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ৩। কর্মকর্তা (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ৪। পরিচালক, আইসিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। প্রোগ্রামার, অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেন্‌দেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (প্রয়োজনীয় আইটি সহায়তা প্রদান ও বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



০২-০১-২০২৫
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক